**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
**www.lged.gov.bd**

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৩১৬ তারিখঃ ২৪/০৫/২০২৫ খ্রিঃ

# অফিস আদেশ

**বিষয়ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় টেকনিক্যাল সাপোর্ট ইউনিটে অর্পিত ক্রয়কার্যসমূহের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (OCE), বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং কার্য সংক্রান্ত ক্রয় চুক্তি অনুমোদনের আর্থিক ক্ষমতা পুন:অর্পণ (Sub-delegate) প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের টেকনিক্যাল সাপোর্ট ইউনিট বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/বোর্ড প্রভৃতি কর্তৃক অর্পিত ক্রয়কার্যসমূহ পরিচালনা করে থাকে। পিপিআর ২০০৮ এর বিধি ১২ (২)(খ) অনুসারে উক্ত অর্পিত ক্রয় কার্যসমূহের দরপত্র প্রক্রিয়াকরণ/ক্রয়চুক্তি অনুমোদনে গতিশীলতা আনয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা আদেশ ২০১৫ (Delegation of Financial Powers-2015) অনুসারে ক্রয়কারী কার্যালয়ের প্রধানের উপর অর্পিত আর্থিক ক্ষমতা টেকনিক্যাল সাপোর্ট ইউনিটের জন্য দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে নিম্নরূপে পুন:অর্পণ (Sub-delegate) করা হলোঃ

| ক্রঃনং | বিবরণ | অর্পণকৃত ক্ষমতা |
|---|---|---|
| ১. | দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (OCE) অনুমোদন | পূর্ণ ক্ষমতা। |
| ২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | পূর্ণ ক্ষমতা। |
| ৩. | কার্য সংক্রান্ত ক্রয় চুক্তি অনুমোদন | ৩.০০ কোটি টাকা চুক্তি মূল্য পর্যন্ত (সমমূল্য) |

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

22/05/2025
**(মোঃ আব্দুর রশীদ মিয়া)**
প্রধান প্রকৌশলী (চ.দা.)
ফোনঃ ০২-৫৫০০৭২৪৮
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৩১৬/১(৫) তারিখঃ ২৪/০৫/২০২৫ খ্রিঃ

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ..................................।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ......................., জেলাঃ...........................।

22/05/2025
**(মোঃ জাহিদ হোসেন খান)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd